

কোর্ট ট্রাস্ট, প্রধান কার্যালয়, ঢাকা। তারিখঃ ২২ জুন, ২০১৪।

প্রতি : নোটিশ বোর্ডের মাধ্যমে সকল সহকর্মী।

হতে : পরিচালক


বিষয় : সকল ক্ষুদ্র ঋণের শাখা পর্যায়ে শুক্রবারের পাশাপাশি শনিবারও সাপ্তাহিক ছুটি ঘোষণা প্রসঙ্গে।

প্রিয় সহকর্মীবৃন্দ,

১. আপনাদের অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানাচ্ছি যে, সংস্থার শাখা পর্যায়ের কর্মীদের বিশ্রামের সময় বাড়িয়ে কর্মীদের সন্তুষ্টি বৃদ্ধি করা এবং কর্মস্পৃহা আরো বাড়ানোর লক্ষ্যে গত এপ্রিল ২০১৪ থেকে সকল শাখায় পরীক্ষামূলকভাবে শনিবারের ছুটি ঘোষণা করা হয়েছিল। পরীক্ষা থেকে প্রাপ্ত ফলাফলে দেখা গেছে যে, শাখা পর্যায়ে ঋণ বিতরণ, সঞ্চয় সংগ্রহ, সদস্য ভর্তি, আয় ইত্যাদির হার কমেনি। সুতরাং সিদ্ধান্ত নেয়া যায় যে শাখা পর্যায়ে শনিবারে ছুটি ঘোষণা করলেও সংস্থার কর্মীদের কর্মদক্ষতা এবং ঋণ কর্যক্রমের পোর্টফলিওর কোন ব্যাঘাত ঘটবে না।
২. তাই ব্যবস্থাপনা সংস্থার সকল শাখা কার্যালয়গুলোতে শুক্রবারের পাশাপাশি শনিবারও ছুটি ঘোষণা করছে। তবে দাতা সংস্থার প্রকল্পসমূহ, বিএমটিসি এবং সিএমটিসি এর আওতায় আসবে না।
৩. শাখাসমূহের কর্মীগণের মধ্যে পালা করে ২ জন পুরুষ কর্মী কমন সার্ভিস ওর্গানাইজারসহ অফিসে থেকে বাকীরা কর্মস্থল ত্যাগ করতে পারবেন। তবে কর্মস্থলত্যাগী কর্মীগণকে বৃহস্পতিবার সন্ধ্যা ৬ টার পর কর্মস্থল ত্যাগ করে অবশ্যই শনিবার সন্ধ্যা ৬ টার পূর্বে নিজ কর্মস্থলে ফিরে আসতে হবে এবং এর ব্যতিক্রম হলে সংশ্লিষ্ট কর্মীর বিরুদ্ধে প্রশাসনিক ব্যবস্থা নেয়া হবে।
৪. এখানে উল্লেখ্য যে মেয়াদোত্তীর্ণ টাকা আদায়ের কার্যক্রম শুক্রবারের পরিবর্তে শনিবারে চালু হবে। প্রতি মাসের ২য় এবং ৪র্থ শনিবারে এ কার্যক্রম চালু থাকবে এবং এর প্রতিবেদন যথারীতি শওকত আলী টুটল (সহকারী পরিচালক-এসএ এন্ড ডিআরআর) এর কাছে ৩ দিনই পাঠাতে হবে।
৫. এ সার্কুলারটি আগামী ২৮ জুন ২০১৪ তারিখ থেকে কার্যকরী হবে।

এ বিষয়ে আপনাদের সকলের সহযোগিতা একান্তভাবে কামনা করছি।

ধন্যবাদসহ,



সনত কুমার ভোঁমিক

অনুলিপি: নির্বাহী পরিচালক

অফিস ফাইল।